

উপজেলা পরিষদ কার্যালয়
লাকসাম, কুমিল্লা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

মাধ্যমিক স্কুল ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী, সভা নং: ০৪/২০২২-২০২৩

সভাপতি : জনাব মহব্বত আলী
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা

সভার স্থান : ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, লাকসাম, কুমিল্লা।
সভার তারিখ : ০৪/০১/২০২৩খ্রিঃ।
সভার সময় : ১১:০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম	পদবী	স্বাক্ষর
জনাব মহব্বত আলী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা	সভাপতি	
জনাব ওমর ফারুক, চেয়ারম্যান, কান্দিরপাড় ইউপি, লাকসাম, কুমিল্লা	সদস্য	
জনাব নিজাম উদ্দিন শামীম, চেয়ারম্যান, গোবিন্দপুর ইউপি, লাকসাম, কুমিল্লা	সদস্য	
জনাব আবদুর রশিদ সওদাগর, চেয়ারম্যান, মুদাফফরগঞ্জ দক্ষিণ ইউপি, লাকসাম, কুমিল্লা	সদস্য	
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসাম, কুমিল্লা	সদস্য সচিব	

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অতঃপর উপজেলা পরিষদের মাধ্যমিক স্কুল ও মাদ্রাসা শিক্ষা কমিটির কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, ০১-০১-২০২৩ তারিখে উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে বই উৎসব পালিত হয়। ৬ষ্ঠ ও ৭ম শ্রেণিতে নতুন কারিকুলামের পাঠ্যপুস্তক বিতরণ করা হয়। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সরকারি কর্মকর্তা/ জনপ্রতিনিধি/শিক্ষানুরাগী ব্যক্তিগণ উপস্থিত থেকে বই উৎসব পালন করায় শিক্ষা বিভাগের পক্ষ থেকে সকল ধন্যবাদ জ্ঞাপন করেন।	১। বিস্তারিত আলোচনাতে সিদ্ধান্ত হয় যে, বই বিতরণ যথাযথভাবে মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
২। আলোচ্যসূচি নং-০৩ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, নতুন শিক্ষা কারিকুলাম বাস্তবায়ন সরকারের একটি অগ্রাধিকার কার্যক্রম। ইহা বাস্তবায়নে শিক্ষকদের NCF প্রশিক্ষণের পত্র ও তালিকা মোতাবেক আগামী ০৬.০১.২০২৩খ্রি. সকাল ০৯.০০ ঘটিকা হতে ০৫ দিন ব্যাপী লাকসাম সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।	২। আলোচনাতে সিদ্ধান্ত গৃহীত হয় যে, উপজেলা পর্যায়ে ৬৪৪ জন শিক্ষকের প্রশিক্ষণের আয়োজন একটি বিশাল কর্মযজ্ঞ। অত্যন্ত সতর্কতার সাথে প্রশিক্ষণটি বাস্তবায়নের জন্য মাধ্যমিক শিক্ষা অফিসার ও ভেন্যু প্রধানকে অনুরোধ করা হয়। কমিটির সদস্যগণ সুবিধামত সময়ে প্রশিক্ষণটি অবলোকন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মহব্বত আলী
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও
সভাপতি
মাধ্যমিক স্কুল ও মাদ্রাসা স্ট্যাভিং কমিটি
লাকসাম, কুমিল্লা।

তারিখঃ ০৪/০১/২০২৩খ্রিঃ।

স্মারক নং- উমাশিঅ/লাক-কুম/স্ট্যা:ক:স:২২-২৩/২০২৩-
অনুলিপিঃ

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
২. উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।
৩. অফিস কপি।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও
সদস্য সচিব
মাধ্যমিক স্কুল ও মাদ্রাসা স্ট্যাভিং কমিটি
লাকসাম, কুমিল্লা।